

P.G. Semester-IV Examination, 2023**বাংলা****Course ID : 40152****Course Code : BNG/402/C****Course Title : মঙ্গলকাব্য****বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য**

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$
- ক) হাস্যরস সৃষ্টিতে কেতকাদাস ক্ষেমানন্দের কৃতিত্ব আলোচনা করো।
- খ) ভিলেন বা খল চরিত্র হিসাবে ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গল কাব্যের মহামদ চরিত্রটি বিশ্লেষণ করো।
- ২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$
- ক) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের বণিক খণ্ডে মধ্যযুগীয় বাণালির ঘরোয়া জীবনের কথা যেভাবে ব্যক্ত হয়েছে, তা আলোচনা করো।
- খ) মুকুন্দ চক্রবর্তী জীবন-রস-রসিক শিল্পী।— চণ্ডীমঙ্গল-এর বণিকখণ্ডে অবলম্বনে বক্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।

- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$
- ক) ‘অন্নদামঙ্গল’ কাব্যের শিবকে ভারতচন্দ্র অষ্টাদশ শতাব্দীর যুগ-তাড়িত চরিত্র রূপে অঙ্কন করেছেন।— আলোচনা করো।
- খ) ভারতচন্দ্র তাঁর কাব্যকে ‘নূতনমঙ্গল’ হিসাবে দাবি করেছেন।— এই দাবির যুক্তিসিদ্ধতা বিচার করো।
- ৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$
- ক) ‘আত্মপরিচয়’ অংশ থেকে কেতকাদাস ক্ষেমানন্দের কাব্যের রচনাকাল নির্দেশ করো।
- খ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে বর্ণিত শ্রীমন্তের বাল্যশিক্ষার বিবরণ দাও।
- গ) ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গল কাব্যের ‘আখড়া পালায়’ দেবী ও লাউসেনের কথোপকথনে লাউসেনের যে বুদ্ধিমত্তার পরিচয় ধরা পড়েছে তার পরিচয় দাও।
- ঘ) “নাহি দেখি আয়তি কেবল আচাভুআ”।—উক্তিটি থেকে বক্তার আক্ষেপের স্বরূপ বুঝিয়ে দাও।